পরীক্ষা নিয়ন্ত্রক দফতর
www.iau.edu.bd
iaudhaka@gmail.com

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/পনি/অনার্স পরীক্ষা/২০১৬/৬০১৬

তারিখ: ০৯ কার্তিখ, ১৪২৪ বঙ্গাব্দ
২৪ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

২০১৭ সালের ফাজিল অনার্স ১ম ও ২য় বর্ষ পরীক্ষার্থীদের ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকার আওতাধীন ফাজিল (অনার্স) শ্রেণির মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৭ এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি ফাজিল (অনার্স) ২য় বর্ষ পরীক্ষা-২০১৭ এর আবেদন ফরম পুরণের নিমিত্তে বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখঃ

ফাজিল (অনার্স) ১ম বর্ষ ১১-১২-২০১৭ খ্রি. এবং ফাজিল (অনার্স) ২য় বর্ষ ১২-১২-২০১৭ খ্রি.

ক্রম	কাজের বিবরণ	তারিখ
০১	ফাজিল (অনার্স) ১ম ও ২য় বর্ষের পরীক্ষার অনলাইন eFF এর তারিখ	০২-১০-২০১৭ থেকে ৩০-১০-২০১৭
০২	ফাজিল (অনার্স) ১ম ও ২য় বর্ষের পরীক্ষার ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ	০২-১০-২০১৭ থেকে ৩১-১০-২০১৭
০৩	পরীক্ষা ফি, আনুষঙ্গিক ফি জমার রশিদ, অনলাইনে আবেদন ফরম পূরণ (eFF) এর পর প্রাপ্ত পরীক্ষার্থী তালিকা (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষঙ্গিক কাগজপত্র জমা দেয়ার শেষ তারিখ (অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি জমার রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণ করা হবে না।)	০১-১১-২০১৭ এর মধ্যে
০৪	বিশ্ববিদ্যালয়ের ওয়েসবাইট www.iau.edu.bd থেকে পরীক্ষার্থীদের কেন্দ্র ভিত্তিক ডিআর (DR) এর চূড়ান্ত তালিকা প্রদর্শনের তারিখ	০৫-১১-২০১৭

২. **পরীক্ষার্থীর যোগ্যতা ঃ**

ক) কেবলমাত্র ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ফাজিল (অনার্স) ১ম বর্ষে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে শুধুমাত্র তারাই ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৭ তে অংশগ্রহণ করতে পারবে।

খ) যে সকল শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ফাজিল (অনার্স) শ্রেণিতে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে কিন্তু ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ অংশগ্রহণ করেনি তারা ফাজিল (অনার্স) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ভর্তিকৃতদের সাথে পুনঃভর্তি হয়ে (পুনঃভর্তি ফি ২০০.০০ টাকা প্রদান সাপেক্ষে) ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৭ এ অংশগ্রহণ করতে পারবে।

৩. **রিটেইক (Retake) /গ্রেড উন্নয়ন পরীক্ষা ঃ**

ক) যে সকল পরীক্ষার্থী ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর সকল পরীক্ষায় অংশগ্রহণ করে নূন্যতম GPA 2.00 পেয়ে ২য় বর্ষে উত্তীর্ন হয়ে যে কোন কোর্সে **F** গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত ছিল, তারা ২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার সাথে উক্ত বিষয়ের রিটেইক (Retake) দিতে হবে।

খ) যে কোন পরীক্ষার্থী ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর ফলাফলে যে কোন কোর্সে D গ্রেড প্রাপ্ত হলে সে সকল পরীক্ষার্থী গ্রেড উন্নয়নের জন্য ২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে মানোন্নয়নের সুযোগ পাবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

Elias

গ) রিটেইক (Retake)/ গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোর্স প্রতি ৪০০.০০ (চারশত) টাকা ফি ব্যাংকে জমাদান সাপেক্ষে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবর আবেদন করতে হবে।

ঘ) ইনকোর্স/টিউটোরিয়াল/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার গ্রেড উন্নয়ন পরীক্ষা দেওয়া যাবে না।

৪. রেজিস্ট্রেশন সংক্রান্ত ঃ

আবেদন ফরমে পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ না থাকলে আবেদন ফরম গ্রহণ করা হবে না। সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষবৃন্দকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৫. পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত ঃ

সকল প্রকার পরীক্ষার্থীদেরকে ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার সর্বশেষ প্রচলিত ফাযিল (অনার্স) শ্রেণির জন্য প্রণীত অর্ডিন্যান্স ও পাঠক্রম-পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

৬. অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী ঃ

ক) eFFএর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে করে শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী ব্যাংকের নিজস্ব জমা রশিদের মাধ্যমে সম পরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত রশিদটি মূল কপি অবশ্যই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে। **(কোন অবস্থাতে ৩০-১০-২০১৭খ্রি. এর পরে অনলাইনে eFF করা যাবে না)।**

খ) অসম্পূর্ণ আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

৭.১ ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষার্থীর যাবতীয় ফি-এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হলো ঃ

বিষয়ের নাম	পরীক্ষার ফি (প্রতি কোর্স)	টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি কোর্স)	মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি শিক্ষার্থী)	মোট
আল কুরআন, আল হাদীস, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ	২২০.০০ (১০ টি কোর্স)	৫০.০০ (৯টি কোর্স)	৪০০.০০	৫.০০	৩০৫৫.০০
আরবি ভাষা ও সাহিত্য এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২২০.০০ (৮ টি কোর্স)	৫০.০০ (৭টি কোর্স)	৪০০.০০	৫.০০	২৫১৫.০০

৭.২ ফাজিল (অনার্স) ২য় বর্ষ পরীক্ষার্থীর যাবতীয় ফি-এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হলো ঃ

বিষয়ের নাম	পরীক্ষার ফি (প্রতি কোর্স)	টিউটোলিয়াল পরীক্ষার ফি (প্রতি কোর্স)	মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি শিক্ষার্থী)	মোট	রিটেইক/গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি (প্রতি কোর্স)
আল কুরআন, আল হাদীস, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ	২২০.০০ (১০ টি কোর্স)	৫০.০০ (১০টি কোর্স)	৪০০.০০	৫.০০	৩১০৫.০০	৪০০.০০
আরবি ভাষা ও সাহিত্য এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২২০.০০ (৮ টি কোর্স)	৫০.০০ (৮টি কোর্স)	৪০০.০০	৫.০০	২৫৬৫.০০	৪০০.০০

৮. বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের যে সমস্ত শিক্ষার্থী নন-ক্রেডিট কোর্সে (বাংলাদেশ স্টাডিজ/ইসলামিক স্টাডিজ) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে শুধু তারাই পরবর্তী শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের সাথে নন-ক্রেডিট কোর্স পরীক্ষায় (বাংলাদেশ স্টাডিজ/ইসলামিক স্টাডিজ) পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। পরবর্তীতে এ ধরনের সুবিধা আর বিবেচনা করা হবে না। অর্ডিন্যান্স অনুযায়ী ০২ (দুই) বছরের মধ্যে নন-ক্রেডিট কোর্স (বাংলাদেশ স্টাডিজ/ইসলামিক স্টাডিজ) সমাপ্ত করতে হবে। দুই বছরের মধ্যে সমাপ্ত করতে না পারলে ৩য় বর্ষে উত্তীর্ণ হতে পারবে না।

৯. অন্যান্য ফি-এর হার ঃ

ক) ফাজিল স্নাতক (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে পরিশোধ করতে হবে।

Elias

১০. পরীক্ষার ফি ব্যাংকে জমা দেয়ার নিয়মাবলী ঃ

ক) বিশ্ববিদ্যালয়ের যাবতীয় ফি Online Banking এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকার হিসাব নং-০২০০০০৯০৮২৩৪১ (ইআবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। তবে টাকা জমার মূল রশিদ আবেদন পত্রের সংঙে জমা দিতে হবে।

খ) ব্যাংকে টাকা জমার পর নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিতে হবে এবং তা জমাদানের পূর্বে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ টাকা জমা রশিদের বিপরীত পৃষ্ঠায় মাদরাসার সীল মোহরসহ স্বাক্ষর করবেন।

গ) কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোষ্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।

ঘ) রেজিস্ট্রেশনের ক্রমানুসারে ২ (দুই) কপি বিবরণী ফরম স্পষ্টাক্ষরে ইংরেজিতে পূরণ করে বিবরণী ফরমের ক্রমানুসারে আবেদন ফরম সাজিয়ে শক্ত সূতা দিয়ে বেঁধে জমা দিতে হবে।

ঙ) **বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনক্রমেই পরীক্ষার ফি-এর অনলাইনে টাকা জমার রশিদ, তথ্য ফরম, বিবরণী ফরম এবং মুখপত্র গ্রহণ করা হবে না।**

চ) **পরীক্ষার ফি-এর অনলাইনে টাকা জমার রশিদ এবং প্রয়োজনীয় কাগজপত্র বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা দিতে হবে।** বিবরণী ফরম ২ (দুই) কপি, তথ্য ফরম ২ (দুই) কপি, মুখপত্র ২ (দুই) কপি, রেজিস্ট্রেশনের তালিকার কপি আলাদা ফরোয়ার্ডিং এবং পরীক্ষা ফি জমাদান সংক্রান্ত রশিদের কপিসহ পরীক্ষা শাখার নির্দিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। উক্ত কাগজপত্র নিম্নোক্ত নিয়মে ২ (দুই) সেট কাগজ প্রস্তুত করে জমা দিতে হবে।

১ম সেট (বিশ্ববিদ্যালয়ের জন্য) ঃ রেজিস্ট্রেশনের ক্রমানুসারে মূল কপি+বিবরণী ফরম ১কপি+তথ্য ফরম ১ কপি+মুখপত্র ১ কপি (একত্রে সূতা দিয়ে বেঁধে দিতে হবে)।

২য় সেট ঃ রেজিস্ট্রেশনের ক্রমানুসারে ফটোকপি+বিবরণী ফরম ১কপি+তথ্য ফরম ১ কপি+মুখপত্র ১ কপি (একত্রে সূতা দিয়ে বেঁধে জমা দিতে হবে)।

১১. অন্যান্য বিষয় সংক্রান্ত ঃ

ক) ডাকযোগে কোন তথ্য ফরম, বিবরণী ফরম ও মুখ পত্র পাঠানো যাবে না।

খ) অবৈধ রেজিস্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলী, বহিস্কার হওয়ার কারণে ২০১৭ সালের পরীক্ষা দেওয়ার যোগ্য নয় ও অন্য যে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার্থীর ফলাফল বাতিল বলে গণ্য হবে।

গ) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের হালানাগাদ অধিভুক্তি নবায়নের ডকুমেন্ট অথবা অধিভূক্তি নবায়নের জন্য প্রক্রিয়াধীন থাকলে সংশ্লিষ্ট কাগজপত্র আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

১২. বিজ্ঞপ্তিটি মনোযোগ সহকারে পড়ার এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৭ সালের ফাজিল (অনার্স) ১ম ও ২য় বর্ষ পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হল।

১৩. অন-লইনে ফরম পূরণের সময় www.iau.edu.bd এ কোন সমস্যা হলে হেল্প ডেক্স নং ০১৭০৯৩৮৯০০৭ এ সাহায্য নেয়া যাবে অথবা ই-মেইল iau.exam@gmail.com যোগাযোগ করার অনুরোধ করা হলো।

১৪. বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৭ সালের ফাজিল অনার্স ১ম ও ২য় বর্ষ পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

Elias
24.10.17

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ইআবি/পনি/অনার্স পরীক্ষা/২০১৬/৭০২৮ তারিখঃ ২৪-১০-২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ভাইস চ্যান্সেলর, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/বরিশাল/কুমিল্লা/ইসলামী/জাতীয়/বাংলাদেশ কৃষি (ময়মনসিংহ) /বাংলাদেশ প্রকৌশল/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/শের-ই-বাংলা/হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/যশোর প্রকৌশল ও প্রযুক্তি/পাবনা প্রকৌশল ও প্রযুক্তি রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক, সকল।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)।
৮. অধ্যক্ষ,...
৯. সকল কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. ....
১১. অফিস কপি।

Elias
24.10.17

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।